# জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০ ।

**বিষয় ঃ ১২-১০-২০২১ তারিখে অনুষ্ঠিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement) সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন/বাস্তবায়নের লক্ষ্যে কোম্পানির APA টিমের দ্বিতীয় পর্যালোচনা সভার প্রতিবেদন।**

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বিগত ১২/০১/২০১৭ তারিখের ২৮.০০.০০০০.১২.০৫.০০৩.১০ (অংশ-১)-২২ সংখ্যক পত্রের পরিপ্রেক্ষিতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অক্টোবর/২০১৬ মাসের পর্যালোচনা সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লি: এর দপ্তর আদেশ নং- ২৮.১৬.৯১০০.০৭৭.০১.০০১.১৭/১৫, তারিখ: ২৫/০১/২০১৭ অনুযায়ী কোম্পানীর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement) সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম গঠন করা হয়। পরবর্তীতে পুন:সংশোধিত অফিস স্মারক নং-২৮.১৬.৯১০০.০৭৭.০৬.০০১.২১.১২৪, তারিখঃ ৩১/০৫/২০২১ এর মাধ্যমে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে এপিএ টিম পুনর্গঠন করা হয়। বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিমের সদস্যবৃন্দ নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ক) প্রকৌ.জসিম উদ্দিন আহমদ | - মহাব্যবস্থাপক (পরিকল্পনা) | - আহবায়ক |
| খ) জনাব মোঃ শহিদুল ইসলাম | - কোম্পানি সচিব (অ:দা:), ফোকাল পয়েন্ট, এনআইএস | - - সদস্য |
| গ) প্রকৌ মোঃ সারোয়ার জাহান মাহমুদ | - উপ-মহাব্যবস্থাপক (পিসিডি), ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার | - - সদস্য |
| ঘ) প্রকৌ. মোঃ আবু বকর | - উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) | -- ফোকাল পয়েন্ট |
| ঙ) জনাব মোঃ শফিউল আলম সরকার | - ব্যবস্থাপক (এমআইএস), ফোকাল পয়েন্ট, জিআরএস ও আরটিআই | - - সদস্য |
| চ) প্রকৌ. মোঃ রবিউল আলম | - ব্যবস্থাপক (এমডি দপ্তর), ফোকাল পয়েন্ট, উদ্ভাবন পরিকল্পনা | -- সদস্য |
| ছ) জনাব খায়রুল ইসলাম | -সহঃ প্রকৌশলী (আইটি), ফোকাল পয়েন্ট, ই-নথি সদস্য | - - সদস্য-সচিব |

বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিমের মাসিক সভা গত ১২-১০-২০২১ তারিখে কোম্পানীর কমিটি রুমে আহবায়ক প্রকৌ. জসিম উদ্দিন আহমদ, মহাব্যবস্থাপক (পরিকল্পনা) মহোদয়ের সভাপতিত্বে জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ (জেজিটিডিএসএল)-এর বার্ষিক কর্মসম্পাদন কার্যক্রম পর্যালোচনা এবং ২০২১-২০২২ অর্থ-বছরের জন্য নির্ধারিত ও সম্পাদিত চুক্তির আলোকে এপিএ কার্যক্রম বাস্তবায়ন ও শতভাগ সূচক অর্জন এবং পেট্রোবাংলা হতে প্রেরিত ভিডিও কনফারেন্সে অগ্রগতি পর্যালোচনা সভার পত্র সূত্র নং-২৮.০২.০০০০.০০২.৩৩.০০১.২১.৪৩৪; তারিখঃ ০৭-১০-২০২১ এর আলোকে গত ১২-১০-২০২১ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহের সাথে ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সেপ্টেম্বর,২১ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার সিদ্ধান্ত, দিক নির্দেশনা ও সার্বিক অবস্থা অবহিতকরণের লক্ষ্যে কোম্পানীর এপিএ টিমের সকল সদস্যগণের উপস্থিতিতে গত ১২-১০-২১ তারিখে কোম্পানীর কমিটি রুমে বিকাল ৪:০০ ঘটিকায় দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয় ( এপিএ টিমের উপস্থিত সদস্যবৃন্দের/কর্মকর্তাদের তালিকা সংযুক্ত,পরিশিষ্ট -'ক')।

টিমের কার্যপরিধি :

ক) সরকার কর্তৃক প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নীতিমালার আলোকে পেট্রোবাংলার সাথে কোম্পানির প্রতি অর্থ-বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রস্তুতকরণ;

খ) পেট্রোবাংলার কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিমের সুপারিশ অন্তর্ভূক্ত করে প্রয়োজনীয় সংযোজন, বিয়োজন, পরিবর্ধন, পরিমার্জন পর্যালোচনা, পরিবীক্ষন ও মূল্যায়নপূর্বক কোম্পানীর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি চূড়ান্তকরণ ;

গ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রতি দুই মাস অন্তর/একবার অগ্রগতি আলোচনা ও প্রতিবেদন দাখিলকরণ ;

ঘ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকরণ এবং

ঙ) টিম কর্তৃক প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং এতদসংক্রান্ত প্রতিবেদন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক বরাবর দাখিল করা।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)- এর বিভিন্ন কার্যক্রমের বিষয়ে গৃহীত ব্যবস্থা এবং সভাপতির নির্দেশনাসমূহ নিম্নরূপ ঃ

<u>আলোচনা/পর্যালোচনা</u> :

২০২১-২২ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) বিভিন্ন কার্যক্রম ও কর্মসম্পাদন সূচক এবং বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে পর্যালোচনা করা হয়। বিস্তারিত নিম্নরূপ :

<u>এপিএ ২০২১-২২ এ অন্তর্ভুক্ত জেজিটিডিএসএল এর স্বাক্ষরিত কর্মসম্পাদনের ক্ষেত্র (মোট নম্বর ৭০)</u> ঃ

| ক্রঃ নং | কর্মসম্পাদনের ক্ষেত্র | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকের মান | আলোচনা | সুপারিশ/সিদ্ধান্ত | কার্যাব্যবস্থায়/ তথ্য সরবরাহকারী দপ্তর |
|---|---|---|---|---|---|---|
| ১. | গ্যাস নিরাপত্তা নিশ্চিত করা | [১.১] আন্তর্জাতিক এবং দেশীয় কোম্পানি হতে প্রাপ্ত গ্যাস বিক্রয় | ২০ | বর্ণিত বিষয়ে এমআইএস হতে সময়মত তথ্য প্রদান নিয়ে সভায় আলোচনা হয়। | নিয়মিতভাবে অর্থাৎ প্রতি মাসের ১ম কার্যদিবসের মধ্যে এমআইএস হতে তথ্য প্রদান আবশ্যক। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিটি একমত প্রকাশ করেন। | রাজস্ব বিভাগ (এমআইএস শাখা) |
| ২. | গ্যাস সংযোগ ও গ্রাহক সেবার মানোন্নয়ন । | [২.১] গ্যাস সংযোগ | ১০ | গ্রাহকদের গ্যাস সংযোগ (বিদ্যুৎ, শিল্প, ক্যাপটিভ,চা-বাগান ইত্যাদি) প্রদানে আগামী ২০২১-২০২২ অর্থবছরে লক্ষ্যমাত্রা অর্জনে কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের নিমিত্ত বিস্তারিত আলোচনা হয়। | গ্রাহকদের গ্যাস সংযোগ (বিদ্যুৎ, শিল্প, ক্যাপটিভ,চা-বাগান ইত্যাদি) প্রদানে আগামী ২০২১-২০২২ অর্থবছরে লক্ষ্যমাত্রা অর্জনে কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করার জন্য আহবায়ক ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা) মহোদয়, মহাব্যবস্থাপক (বিপণন -দক্ষিন) ও মহাব্যবস্থাপক(বিপণন-উত্তর) কে অনুরোধ করা হয়। | বিপণন বিভাগ (দ ) / বিপণন বি (উত্তর) |
| | | [২.২] বেসরকারি বিনিয়োগ প্রকাশে পদক্ষেপ গ্রহণ | ৫ | বেসরকারি বিনিয়োগ প্রকাশে পদক্ষেপ গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এসইজেড শিল্প এলাকায় কোন আবেদন পাওয়া গেলে উহা ৩০ দিনের মধ্যে নিষ্পত্তি করতে সিদ্ধান্ত গৃহীত হয়। | বিপণন বিভ (দক্ষিন ) / উপ-মহাব্যবস্থাপক (আরএন্ডডি) |
| ৩. | মানব সম্পদ উন্নয়ন | [৩.১] জনবল প্রশিক্ষন | ১০ | মানব সম্পদ উন্নয়নে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষন প্রদান বিষয়ে আলোচনা হয়। | লক্ষ্যমাত্রা অর্জনে পরিকল্পনা করে ভার্চুয়াল পদ্ধতিতে ও স্ব-শরীরে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে মহাব্যবস্থাপক (প্রশাসন)-কে অনুরোধ জানান। | পরিকল্পনা বিভাগ / প্রশাসন বিভাগ/আইটি শাখা ও ফোকাল পয়েন্ট। |
| | | [৩.২] অভ্যন্তরীন শিখন সেশন পরিচালনা | ৫ | অভ্যন্তরীন শিখন সেশন পরিচালনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | অভ্যন্তরীন শিখন সেশন পরিচালনায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও আহবায়ক, এপিএ টিম মহোদয় সার্ভিস রুলস এর উপর মোট =৪৮ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করেন। পর্যায়ক্রমে এতদসংক্রান্ত বিষয়ে আরো প্রশিক্ষণ প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন বিভাগ / আইটি শাখা ও ফোকাল পয়েন্ট। |
| ৪. | বকেয়া পাওনা ০৩ মাসের গড় বিক্রয়ের সমতূল্যকরণ | [৪.১] বকেয়ার সমতূল্য মাস হ্রাসকরণ | ১০ | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বর্তমানে বকেয়া আদায় সন্তোষজনক পর্যায়ে আনার জন্য জোর প্রচেষ্টা অব্যাহত লাখার লক্ষ্যে বিস্তারিত আলোচনা হয়। | লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ/ ব্যবস্থা গ্রহণের জন্য মহাব্যবস্থাপক (রাজস্ব)-কে অনুরোধ জানানো হয়। | রাজস্ব বিভাগ/ (কেন্দ্রীয় রাজস্ব ও এমআইএস শাখা) |
| ৫. | ] পাইপলাইন নির্মান/স্থাপন | [৫.১] নতুন পাইপলাইন/ ব্যালেন্সিং পাইপলাইন নির্মান | ১০ | নতুন পাইপলাইন বা ব্যালেন্সিং পাইপলাইন স্থাপন সংক্রান্ত তথ্য নিয়মিতভাবে পরিকল্পনা ডিপার্টমেন্টে প্রদানের জন্য বিস্তারিত আলোচনা হয়। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা) মহোদয় সভাকে অবহিত করেন যে, বঙ্গবন্ধু শেখ মুজিব হাইটেক পার্কে গ্যাস সরবরাহের লক্ষ্যে পাইপলাইন স্থাপনের কাজ চলমান রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০ কিঃমিঃ পাইপলাইন স্থাপনের বিপরীতে লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে। | নির্মাণ বিভাগ / অপারেশন বিভাগ / উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) |

এপিএ ২০২১-২২ এ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মোট নম্বর ৩০) ঃ

| ক্রঃ নং | কর্মসম্পাদনের ক্ষেত্র | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকের মান | | সুপারিশ/সিদ্ধান্ত | কার্যাব্যবস্থায়/ তথ্য সরবরাহকা দপ্তর |
|---|---|---|---|---|---|---|
| ১. | সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ১০ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত কার্যক্রম যথাসময়ে সম্পন্নকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এনআইএস এর ফোকাল পয়েন্ট (কোম্পানি সচিব, অতিঃ দাঃ)-কে শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে লক্ষ্যমাত্রা অর্জনে যথাযথ পদক্ষেপ গ্রহণ এবং ১২-১০-২০২১ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় পেট্রোবাংলা কর্তৃক অনুষ্ঠিত পর্যালোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত কার্যক্রম যথাসময়ে সম্পন্নপূর্বক উর্দ্ধতন অফিসে / পেট্রোবাংলায় প্রেরণ এবং ০১টি অনুলিপি এপিএ টিমের ফোকাল পয়েন্টের নিকট নিয়মিতভাবে প্রদানের বিষয়ে এপিএ কমিটির আহবায়ক ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা) মহোদয় অনুরোধ জানান। | কোম্পানি স (অতিঃ দাঃ) ফোকাল পয়েন্ট। |
| | | [১.২] ই-গভর্ন্যান্স / উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ১০ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত কার্যক্রম যথাসময়ে সম্পন্নকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আগামী ২০২১-২০২২ অর্থবছরে ই- গভর্ন্যান্স / উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে লক্ষ্যমাত্রা অর্জনে কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে ১২-১০-২০২১ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় পেট্রোবাংলা কর্তৃক অনুষ্ঠিত পর্যালোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত কার্যক্রম যথাসময়ে সম্পন্নপূর্বক উর্দ্ধতন অফিসে / পেট্রোবাংলায় প্রেরণ এবং ০১টি অনুলিপি এপিএ টিমের ফোকাল পয়েন্টের নিকট নিয়মিতভাবে প্রদানের বিষয়ে সার্বিক সহযোগিতা করা এবং প্রাধিকার অনুযায়ী পত্রিকা বিল প্রাপ্ত কর্মকর্তাগণ পৃথক পৃথকভবে বিল প্রস্তুত করে থাকে বিধায় সময় ও অর্থের অপচয় হয়। সেক্ষেত্রে প্রতি মাসে বেতনের সাথে পত্রিকা বিল প্রদান করা হলে সময় ও অর্থের অপচয় রোধ করা যাবে। এক্ষেত্রে সার্বিক সহযোগিতা করার জন্য এপিএ কমিটির আহবায়ক ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা) মহোদয়, এতদ্‌সংক্রান্ত ফোকাল পয়েন্ট-কে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক(আইটি শাখা) ও ফোকা পয়েন্ট। |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ৪ | নির্দিষ্ট সময়ে অনলাইন / অফলাইনে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিস্পত্তিকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে ২০২১-২০২২ এ অন্তর্ভূক্ত কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং ১২-১০-২০২১ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় পেট্রোবাংলা কর্তৃক অনুষ্ঠিত পর্যালোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত কার্যক্রম যথাসময়ে সম্পন্নপূর্বক উর্দ্ধতন অফিসে / পেট্রোবাংলায় প্রেরণ এবং ০১টি অনুলিপি এপিএ টিমের ফোকাল পয়েন্টের নিকট নিয়মিতভাবে প্রদানের বিষয়ে সার্বিক সহযোগিতা করার জন্য এপিএ কমিটির আহবায়ক ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা) মহোদয়, GRS এর ফোকাল পয়েন্ট-কে অনুরোধ জানান। | ব্যবস্থাপক (এমআইএস) ও ফোকাল পয়েন্ট। |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ৩ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত কার্যক্রম যথাসময়ে সম্পন্নকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | অত্র কোম্পানীতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও ২০২১-২০২২ অর্থবছরে লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত যথাযথ পদক্ষেপ গ্রহণ এবং ১২-১০-২০২১ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় পেট্রোবাংলা কর্তৃক অনুষ্ঠিত পর্যালোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত কার্যক্রম যথাসময়ে সম্পন্নপূর্বক উর্দ্ধতন অফিসে / পেট্রোবাংলায় প্রেরণ এবং ০১টি অনুলিপি এপিএ টিমের ফোকাল পয়েন্টের নিকট নিয়মিতভাবে প্রদানের বিষয়ে সার্বিক সহযোগিতা করার জন্য এপিএ কমিটির আহবায়ক ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা) মহোদয় উপ-মহাব্যবস্থাপক (পিসিডি) ও | উপ-মহাব্যবস্থাপক (পিসিডি) ও ফোকাল পয়েন্ট। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ফোকাল পয়েন্ট,সিটিজেন চার্টার-কে নির্দেশনা প্রদান করেন। | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ৩ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত কার্যক্রম যথাসময়ে সম্পন্নকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়নে ২০২১-২০২২ এ অন্তর্ভূক্ত কর্মসম্পাদন সূচকসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত যথাযথ পদক্ষেপ গ্রহণ ১২-১০-২০২১ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় পেট্রোবাংলা কর্তৃক অনুষ্ঠিত পর্যালোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত কার্যক্রম যথাসময়ে সম্পন্নপূর্বক উর্দ্ধতন অফিসে / পেট্রোবাংলায় প্রেরণ এবং ০১টি অনুলিপি এপিএ টিমের ফোকাল পয়েন্টের নিকট নিয়মিতভাবে প্রদানের বিষয়ে সার্বিক সহযোগিতা করার জন্য এপিএ কমিটির আহবায়ক ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা) মহোদয়, এতদ্‌সংক্রান্ত ফোকাল পয়েন্ট-কে অনুরোধ করা হয়। | রাজস্ব বিভাগ (এমআইএস শ ও ফোকাল পয়েন্ট |

এপিএ সংশ্লিষ্ট ২০২১-২০২২ অর্থবছরের সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রের আওতায় যে ০৫টি কার্যক্রম অন্তর্ভূক্ত আছে তন্মধ্যে শুদ্ধাচার, ই-গভর্ন্যান্স / উদ্ভাবন, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি এবং তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রতিমাসের অগ্রগতি প্রতিবেদন উর্দ্ধতন অফিসে / পেট্রোবাংলায় প্রেরণ এবং ০১টি অনুলিপি উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট, এপিএ বাস্তবায়ন ব্যবস্থাপনা টীম বরাবর প্রেরণ করার জন্য এপিএ কমিটির আহবায়ক ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা) মহোদয় সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।

তাছাড়া মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ২য় কার্যদিবসের মধ্যে পেট্রোবাংলায় প্রেরণের বাধ্যবাধকতা থাকায় প্রতি মাসের ১ম কার্যদিবসের মধ্যে প্রয়োজনীয় তথ্য উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট, এপিএ বাস্তবায়ন ব্যবস্থাপনা টীম বরাবর প্রেরণের জন্য এপিএ কমিটির আহবায়ক ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা) মহোদয় সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।

পেট্রোবাংলা হতে প্রেরিত ভিডিও কনফারেন্সে অগ্রগতি পর্যালোচনা সভার পত্র সূত্র নং-২৮.০২.০০০০.০০২.৩৩.০০১.২১.৪৩৪; তারিখঃ ০৭-১০-২০২১ অনুযায়ী পেট্রোবাংলা ও মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুযায়ী এপিএ গাইডলাইন মোতাবেক যে শাখা/অধিশাখা কর্তৃক মাসিক অগ্রগতি প্রতিবেদন ও সভার কার্যবিবরনী প্রস্তুতকরণ এবং এপিএ সংক্রান্ত রেকর্ডপত্র সংরক্ষন করবে, উক্ত শাখার/অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে এপিএ টিমের সদস্য হিসেবে অন্তর্ভূক্তিকরণ করতে হবে। এপিএ টিমের সদস্য হিসেবে অনতর্ভুক্ত নহে এমন কর্মকর্তা দ্বারা এপিএ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা হতে বিরত রাখার জন্য উক্ত পর্যালোচনা সভায় পেট্রোবাংলার ফোকাল পয়েন্ট কর্মকর্তা মহোদয় সকল কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে অনুরোধ জানান। অত্র কোম্পানিতে ইতোমধ্যে এপিএ সংক্রান্ত কার্যক্রম সিপিএল (কর্পোরেট প্ল্যানিং) শাখার মাধ্যমে সম্পন্নকরণ এবং ডকুমেন্ট সংরক্ষণের জন্য দপ্তরাদেশ ইস্যু করা হয়েছে। সে পরিপ্রেক্ষিতে উক্ত শাখার ব্যবস্থাপক-কে এপিএ টিমের সদস্য হিসেবে অন্তর্ভূক্তিকরণের বিষয়ে সুপারিশ করা হয়।

এখানে উল্লেখ্য যে, ই- গভর্ন্যান্স / উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে প্রকৌ. মোঃ রবিউল আলম এর স্থলে প্রশাসন বিভাগের দপ্তরাদেশের মাধ্যমে জনাব মোঃ মাসুদ জামান,ব্যবস্থাপক-কে আইটি শাখার দায়িত্ব প্রদান করা হয়েছে। সে প্রেক্ষিতে এপিএ টিমের সদস্য হিসেবে জনাব মোঃ মাসুদ জামান,ব্যবস্থাপক-কে অন্তর্ভূক্তি করার বিষয়ে সুপারিশ করা হয়।

উপরোক্ত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দ্রুত বাস্তবায়নের নিমিত্ত স্ব স্ব বিভাগ/ডিপার্টমেন্ট হতে উদ্যোগ গ্রহণ এবং শতভাগ এপিএ বাস্তবায়ন/অগ্রগতি অর্জনে উপস্থিত উর্দ্ধতন কর্মকর্তাদের সদয় দৃষ্টি কামনা শেষে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি অত্র সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষনা করেন ।

০৬.১১.২০২

(প্রকৌ. জসিম উদ্দিন আহমদ)
মহাব্যবস্থাপক (পরিকল্পনা)
ও
আহবায়ক
বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম

বিতরণ ঃ

০১। জনাব--------------------------------------------------------, জালালাবাদ গ্যাস, সিলেট।

অনুলিপি :

০১। মহাব্যবস্থাপক (-------------------------------------), জালালাবাদ গ্যাস, সিলেট।
০২। উপ-মহাব্যবস্থাপক (----------------------------------), জালালাবাদ গ্যাস, সিলেট।
০৩। দপ্তর নথি।